গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
ডব্লিউটিও অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয়: ন্যাশনাল ট্রেড ফ্যাসিলিটেশন কমিটি (এনটিএফসি)'র ৮ম সভার কার্যবিবরনী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ (মঙ্গলবার) |
| সময় | : | সকাল ১১.০০টা |
| স্থান | : | মাল্টি পারপাস হল, বিয়াম ফাউন্ডেশন |
| সম্মানিত অতিথি | : | জনাব লুৎফে সিদ্দিকী<br>মাননীয় প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত (উপদেষ্টার পদমর্যাদা)<br>প্রধান উপদেষ্টার কার্যালয় |
| সভাপতি | : | শেখ বশিরউদ্দীন, মাননীয় উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২.০ কমিটির সভাপতি বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন, ন্যাশনাল ট্রেড ফ্যাসিলিটেশন কমিটি (এনটিএফসি)'র সভার মূল লক্ষ্য হলো আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধি, ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত ব্যয় হ্রাসের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং World Trade Organization (WTO) এর Trade Facilitation Agreement (TFA) এর তিনটি কার্যক্রমের (A, B ও C Category) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা। তিনি বলেন, A ও B ক্যাটাগরীর কার্যক্রমসমূহ বাস্তবায়ন হয়েছে এবং এ কার্যক্রমসমূহের মনিটরিং অব্যাহত রয়েছে। C Catagory'র বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন তারিখ বিভিন্ন থাকলেও সর্বোচ্চ সময়সীমা ৩০ জুন ২০৩০ তারিখ। তিনি বলেন, কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে Trade Facilitation Agreement (TFA) এর C Category'র কার্যক্রমসমূহকে এলডিসি উত্তরণের সময়সীমার মধ্যে বাস্তবায়ন করা সম্ভব। এছাড়া বাংলাদেশের এলডিসি উত্তরণ পরবর্তী কৌশলের অংশ হিসেবে আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধি, সাপ্লাই চেইন উন্নতকরণ এবং বাণিজ্য ব্যয় হ্রাস করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন। তাঁর আমন্ত্রণে উপস্থিত সভায় সম্মানিত অতিথি মাননীয় প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত জনাব লুৎফে সিদ্দিকী তাঁর স্বাগত বক্তব্যে বলেন, Trade Facilitation Agreement (TFA) এর আওতায় গৃহীত কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করে কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের জন্য সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট কোন সংস্থার সক্ষমতা বৃদ্ধির প্রয়োজন হলে গঠিত ওয়ার্কিং গ্রুপসমূহ এনটিএফসিকে জানাতে পারেন। তিনি ওয়ার্কিং গ্রুপসমূহকে নিয়মিত সভা করার নির্দেশ দেন।

৩.০ সভাপতির অনুমতিক্রমে বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগের অতিরিক্ত সচিব ও এনটিএফসি'র সদস্য-সচিব ড. নাজনীন কাউসার চৌধুরী সভার কার্যপত্র উপস্থাপন করেন। দীর্ঘ ১.৫ (দেড়) বছর পর এনটিএফসি'র সভা অনুষ্ঠিত হওয়ায় এবং কমিটির অধিকাংশ সদস্যই নতুন বিধায় তিনি সভার কার্যপত্র উপস্থাপনের আগে এনটিএফসি সভার প্রেক্ষাপট উপস্থাপন করেন। তিনি তাঁর উপস্থাপনার শুরুতে বলেন World Trade Organization (WTO) এর বিধান অনুযায়ী দুই-তৃতীয়াংশ সদস্য কর্তৃক অনুসমর্থনের মাধ্যমে ২২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে Trade Facilitation Agreement (TFA) কার্যকর হয়েছে এবং এক্ষেত্রে বাংলাদেশ ৯৪তম অনুসমর্থনকারী দেশ। বাণিজ্য উদারীকরণের স্বার্থে আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত বিধি-বিধান ও কর্মপদ্ধতি পর্যালোচনা করে আমদানী ও রপ্তানি পণ্যের প্রসার ও চলাচল ত্বরান্বিত করা TFA এর মূল উদ্দেশ্য মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন, TFA Agreement এর আওতায় গৃহীত কার্যক্রম ৩টি (A, B ও C) ক্যাটাগরিতে বিভক্ত এবং A ক্যাটাগরির ২১টি কার্যক্রম ও B ক্যাটাগরির ১৮টি কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট C ক্যাটাগরির ১৫টি কার্যক্রম ভিন্ন ভিন্ন তারিখে বাস্তবায়নের সর্বশেষ সময়সীমা ৩০ জুন ২০৩০, যার মধ্যে ৫টি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট ১০টি কার্যক্রম চলমান রয়েছে। তিনি উল্লেখ করেন, TFA এর আর্টিকেল ২৩.২ অনুযায়ী প্রত্যেক সদস্য দেশকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে TFA বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে একটি জাতীয় কমিটি গঠন করার বিধান রয়েছে। সে অনুযায়ী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের প্রতিনিধির সমন্বয়ে ৩১ অক্টোবর ২০১৭ তারিখে ২৪ সদস্য বিশিষ্ট এনটিএফসি কমিটি গঠন করা হয়। এরপর বিভিন্ন সময় কমিটি পুনর্গঠন করা হয়। সর্বশেষ ২ জুলাই ২০২৪ তারিখে ৪৪ সদস্য বিশিষ্ট এনটিএফসি এর সংশোধিত কমিটি গঠন করা হয়। তিনি বলেন, এনটিএফসি এর কর্মপরিধিতে প্রতি ৩ মাস অন্তর একটি সভা আয়োজনের উল্লেখ থাকলেও এনটিএফসি গঠনের পর থেকে মোট ৭টি সভা হয়েছে এবং সর্বশেষ ৭ম সভা অনুষ্ঠিত হয়েছে গত ২০ জুলাই ২০২৩ তারিখে অর্থাৎ ১ বছর ৬ মাস আগে। তিনি আরও উল্লেখ করেন, এনটিএফসি'কে সহায়তা করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগের অতিরিক্ত সচিবকে সভাপতি করে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়। পাশাপাশি, এনটিএফসি'র কার্যক্রম গতিশীল করার জন্য আরও ৭টি সেক্টরাল ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগের অতিরিক্ত সচিব ও এনটিএফসি'র সদস্য-সচিব ড. নাজনীন কাউসার চৌধুরী সভাকে জানান, দীর্ঘ প্রায় দুই বছর (কোন কোন ক্ষেত্রে তিন বছর) ওয়ার্কিং গ্রুপসমূহের সভা অনুষ্ঠিত হয়নি। তিনি আগষ্ট/২০২৪ মাসে ডব্লিউটিও অনুবিভাগে যোগদান করার পর ওয়ার্কিং গ্রুপসমূহকে সক্রিয় হওয়ার জন্য সভা আহবান করার অনুরোধ

পত্র প্রেরণ করেন এবং পরবর্তীতে অনেকের সাথে টেলিফোনে যোগাযোগ করেন। সে প্রেক্ষিতে নীচের ছকে বর্ণিত ৬টি ওয়ার্কিং গ্রুপ সভা করেন এবং এনটিএফসি'কে সহায়তা করার উদ্দেশ্যে গঠিত ওয়ার্কিং গ্রুপের ৬ষ্ঠ সভার ৩.২(ঢ)(১) নম্বর সিদ্ধান্ত অনুযায়ী বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগে কার্যবিবরণী প্রেরণ করেন। তবে, Intellectual Property Rights (IPR) সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ এবং NSW ওয়ার্কিং গ্রুপের কোন সভার কার্যবিবরণী পাওয়া যায়নি বলে তিনি সভাকে অবহিত করেন।

| ক্রম | ওয়ার্কিং গ্রুপ | সদস্য | সভাপতি/আহবায়ক | সদস্য-সচিব | সর্বশেষ সভা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | National Trade Facilitation | ২৮ | অতিরিক্ত সচিব<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় | উপসচিব/সি.সহ.সচিব<br>ডব্লিউটিও-৫ শাখা<br>বাণিজ্য মন্ত্রণালয় | ১৭/০৯/২০২৪ | - |
| ২ | Standard | ১২ | অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব<br>মান নিয়ন্ত্রন ও ব্যবসা সহায়তা<br>শিল্প মন্ত্রণালয় | উপসচিব<br>বিএসটিআই<br>শিল্প মন্ত্রণালয় | ৩০/০৯/২০২৪ | - |
| ৩ | Agro-trade | ৩৭ | অতিরিক্ত সচিব<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় | উপসচিব/সি.সহ.সচিব<br>ডব্লিউটিও-১ শাখা<br>বাণিজ্য মন্ত্রণালয় | ১৯/১১/২০২৪ | - |
| ৪ | Connectivity | ১২ | অতিরিক্ত সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | যুগ্মসচিব/ উপসচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ১৩/১১/২০২৪ | - |
| ৫ | National Single Window (NSW) | ৩৯ | চেয়ারম্যান<br>এনবিআর | সদস্য<br>শুল্ক আধুনিকায়ন<br>এনবিআর | তথ্য পাওয়া যায়নি | উল্লেখ্য ২০/১২/২০২৩, ২১/১০/২০২৪ ও ১৫/১২/২০২৪ তারিখ লিখিত এবং পরবর্তীতে বেশ ক'বার টেলিফোনে তাগিদ প্রেরণ করা হয়। |
| ৬ | Land port | ১২ | চেয়ারম্যান<br>বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | - | ২৯/১২/২০২৪ | সদস্য-সচিব নাই |
| ৭ | Intellectual Property Rights (IPR) | ১৩ | অতিরিক্ত সচিব<br>মান নিয়ন্ত্রন ও ব্যবসা সহায়তা<br>শিল্প মন্ত্রণালয় | উপসচিব<br>ডিপিডিটি<br>শিল্প মন্ত্রণালয় | ১৮/০৮/২০২১ | ৩ বছরের মধ্যে কোন সভা হয়েছে কিনা এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। উল্লেখ্য, ২ বার পত্র এবং বেশ ক'বার টেলিফোনে তাগিদ দেয়া হয়। |
| ৮ | Women's Trade/ Economic Empowerment | ১৮ | অতিরিক্ত সচিব<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় | প্রকল্প পরিচালক<br>বিআরসিপি-১<br>বাণিজ্য মন্ত্রণালয় | ১৮/১১/২০২৪ | |

৪.০ NTFC সভার প্রেক্ষাপট উপস্থাপনের পর সদস্য-সচিব সভার আলোচ্য সূচী ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। উপস্থিত সম্মানিত সদস্যগণ উপস্থাপিত আলোচ্য সূচীর ওপর বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

### ৪.১ আলোচ্য বিষয়-১: এনটিএফসি'র ৭ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| এনটিএফসি'র ৭ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে, উপস্থিত সদস্যগণ কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন, ও পরিমার্জন ব্যতিত দৃঢ়করণের জন্য ঐক্যমত পোষণ করেন। | এনটিএফসি'র ৭ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

৪.২ আলোচ্য বিষয়-২: এনটিএফসি'র ৭ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **(ক) Article 1.3 Enquiry Points** | | |
| **(১) National Enquiry Point (NEP) কর্মকর্তাদের প্রশিক্ষণ ও Awareness Program:**<br>চেয়ারম্যান, এনবিআর বলেন ২০২৩-২৪ অর্থবছরে National Enquiry Point (NEP) সংশ্লিষ্ট ২১ (একুশ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কিছু কর্মকর্তা বদলি হওয়ায় নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য পুনরায় ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণ দেওয়া হবে।<br>Awareness Program করা হয়েছে কিনা, এ সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া যায়নি। | (ক) জুন/২০২৫ মাসের মধ্যে নবনিযুক্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পন্ন করে হালনাগাদ তথ্য ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণলয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) Awareness Program সংক্রান্ত হালনাগাদ তথ্য জুন/২০২৫ মাসের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | এনবিআর |
| **(২) Focal Point কর্মকর্তাদের Awareness Program ও প্রশিক্ষণ:**<br>**প্রশিক্ষণ:** প্রকল্প পরিচালক বিআরসিপি-১ বলেন, বিআরসিপি-১ (বাণিজ্য মন্ত্রণালয়) হতে ২০২৩-২৪ অর্থবছরে সরকারি ও বেসরকারি সংস্থার ২৫ জন কর্মকর্তার জন্য ২৬-২৮ মে ২০২৪ তারিখে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অপরদিকে, ২০২৪-২৫ অর্থবছরে ফোকাল পার্সনদের জন্য ২৭-২৯ জানুয়ারি ২০২৫ তারিখে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে এবং আরেকটি প্রশিক্ষণ ফেব্রুয়ারিতে আয়োজন করা হবে।<br>**Awareness Program:** প্রকল্প পরিচালক বিআরসিপি-১ বলেন, জেলা পর্যায়ে মোট তিনটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ে ২০২৪-২৫ অর্থবছরে আরও ০২টি কর্মশালা আয়োজনের পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে মোট ২০ টি Awareness Program আয়োজন করা হয়েছে। | (ক) সকল ফোকাল পার্সনদের জন্যে নির্ধারিত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>(খ) ২০২৪-২৫ অর্থবছরে আরো ২টি জেলা পর্যায় কর্মশালা আয়োজন করতে হবে।<br>(গ) অন্যান্য জেলাগুলোতেও ধারাবাহিকভাবে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বিআরসিপি-১<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>ও<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| **(খ) Article 1.4 (c): Notification** | | |
| (১) সভার সদস্য-সচিব বলেন, এনবিআর থেকে প্রাপ্ত NEP'র Contact Points ও Website এর URL ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ১৬ জুলাই ২০২৪ তারিখে ডব্লিউটিও'কে Notify করেছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয়ে আর আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| (২) সভার সদস্য-সচিব বলেন, এনবিআর ও বাণিজ্য মন্ত্রণালয়ের NEP দুটির Contact Points ও Website এর URL ডব্লিউটিও'কে Notify করা হয়েছিল। সম্প্রতি বদলিজনিত কারণে বাণিজ্য মন্ত্রণালয়ের NEP এর Contact Point পরিবর্তন হওয়ায়, নতুন কর্মকর্তার বিস্তারিত বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ০২ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে ডব্লিউটিও'কে Notify করা হয়েছে।<br>বিআরসিপি-১ প্রকল্পের ন্যাশনাল ট্রেড এক্সপার্ট সভাকে জানান, NEP পরিচালনার জন্যে খসড়া Guideline হালনাগাদ করে প্রস্তুত করা হয়েছে। একটি কর্মশালার মাধ্যমে তা চুড়ান্তকরণ করা যেতে পারে। | NEP পরিচালনার জন্যে প্রস্তুতকৃত খসড়া Guideline এর ওপর মতামত গ্রহণের জন্যে ফেব্রুয়ারি/ ২০২৫ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>ও<br>বিআরসিপি-১<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| **(৩) Certificate/ License/ Permit Issuing Agency (CLPIA) এর সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে তাদের Contact Points এর তথ্য দ্রুত বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও উইং-এ প্রেরণ:**<br>৪৪টি প্রতিষ্ঠানের মধ্যে ২৬টি প্রতিষ্ঠান হতে Contact Point এর তথ্য পাওয়া গিয়েছে এবং বাকী ১৮টি প্রতিষ্ঠান হতে Contact Point এর তথ্য পাওয়া যায়নি। | (ক) ১৮টি CLPIA সংস্থা দ্রুত কর্মকর্তা মনোনয়ন দিয়ে ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>(খ) অনুপস্থিত সংস্থাসমূহের সদস্যদের নিয়ে একটি সভা আয়োজন করে ৮ম সভার এ সিদ্ধান্ত জানাতে হবে। | কার্যপত্রের সংযুক্তি- ২১ এ বর্ণিত ১৮টি CLPIA সংস্থা<br>ও<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **(গ) Article 5.3 Test Procedure** | | |
| **(১) আমদানি নীতি ২০২৪-২৭ এ 2nd Test এর বিষয় অন্তর্ভুক্তকরণ:**<br>খসড়া আমদানি নীতি ২০২৪-২৭ চূড়ান্তকরণের পর্যায়ে আছে। এটি দ্রুত চূড়ান্ত করে কেবিনেটে পাঠানো হবে।<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড বাংলাদেশের টেস্টিং ল্যাবসমূহকে আন্তর্জাতিক মান অনুসরণে অ্যাক্রেডিটেড করে থাকে, পরীক্ষা-মান বিশ্বের অন্যান্য দেশে গ্রহণ করা হয়। আমদানি নীতি ২০২৪-২৭-তে অ্যাক্রেডিটেড ল্যাবে টেস্টিং-এর বিষয়টি সংযুক্ত করার জন্য বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের মহাপরিচালক সুপারিশ করেন। অ্যাক্রেডিটেড ল্যাবে টেস্টিং- এর বিষয়টি খসড়া আমদানি নীতি ২০২৪-২৭ তে অন্তর্ভুক্ত রয়েছে মর্মে আইআইটি অনুবিভাগের যুগ্মসচিব সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে বিএসটিআই-এর মহাপরিচালক বলেন, এনবিআর এর সুপারিশক্রমে তুলনামূলক উন্নত ল্যাবে ২য় ও প্রয়োজনে ৩য় টেস্ট করার সুযোগ বিএসটিআই দিয়ে থাকে। | (ক) আমদানি নীতি ২০২৪-২৭ দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(খ) টেস্টিং ল্যাবসমূহ আক্রোডিটেশনের বিষয়ে Standard সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপে আলোচনা করতঃ সুপারিশ মূল কমিটিকে জানাতে হবে। | আইআইটি অনুবিভাগ বাণিজ্য মন্ত্রণালয়<br>ও<br>Standard সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ |
| **(২) বিধিমালা চূড়ান্তকরণ:**<br>চেয়ারম্যান, এনবিআর বলেন 2nd Test এর সুবিধার বিষয়ে বিধিমালা চূড়ান্ত করে লেজিসলেটিভ ডিভিশনে পাঠানো হয়েছে। অনুমোদিত হলে বিধিমালা জারী করা হবে। | ২০২৪-২৫ অর্থবছরের মধ্যে বিধিমালা জারী করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে এবং এর আউটকাম বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | এনবিআর |
| **(ঘ) Article 7.1 Pre-Arrival Processing** | | |
| চেয়ারম্যান, এনবিআর বলেন Land রুটে Pre-arrival Processing (PAP) কার্যক্রম চালু করা হয়েছে। এ প্রেক্ষিতে সভার সদস্য-সচিব বলেন, ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে ডব্লিউটিও'কে Notify করেছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে PAP কার্যক্রম কার্যকর রয়েছে কিনা তা এনটিএফ ওয়ার্কিং গ্রুপকে অবহিত করতে হবে। | এনবিআর<br>ও<br>এনটিএফ ওয়ার্কিং গ্রুপ |
| **(ঙ) Article 7.4 Risk Management** | | |
| (১) চেয়ারম্যান, এনবিআর বলেন National Single Window (NSW) ০৭টি সংস্থা নিয়ে প্রাথমিকভাবে চালু হয়েছে এবং এপ্রিল/ ২০২৫ মাসের মধ্যে Automated Risk Management Software (ARMS) operational করা হবে। | এপ্রিল/ ২০২৫ মাসের মধ্যে Automated Risk Management Software (ARMS) operational করতে হবে। | এনবিআর |
| **(২) আমদানিকৃত পণ্য দ্রুত খালাসের উদ্দেশ্যে নিজস্ব RM (Risk Management) সিস্টেম:**<br>বিএসটিআই-এর মহাপরিচালক বলেন, রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট (Risk Management Unit) গঠন করা হয়েছে এবং প্রয়োজনীয় লোকবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে চিঠি পাঠানো হয়েছে।<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ তোফাজ্জেল হোসেন বলেন, মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরে এডহক ভিত্তিতে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে Risk Management Unit গঠন করা হয়েছে। বিটিএফ প্রকল্পের সহযোগিতায় ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, প্রাতিষ্ঠানিক অর্গানোগ্রাম তৈরি করে অধিদপ্তর থেকে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রয়োজনীয় লোকবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহায়তা প্রয়োজন। এ প্রসংগে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) RM (Risk Management) সিস্টেম চালুর বিষয়ে আইন সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চাইলে মৎস্য | (ক) Risk Management System চালু করা হয়ে থাকলে তা কার্যকর আছে কিনা সংস্থাসমূহকে লিখিতভাবে জানাতে হবে।<br>(খ) চালু না হয়ে থাকলে করলে Risk Management System চালুর বিষয়ে সংস্থাসমূহ Timebound Workplan প্রস্তুত করে লিখিতভাবে অবহিত করবে। | Bangladesh Standards and Testing Institution (BSTI)<br>Department of Fisheries (DoF)<br>Department of Livestock Services (DLS)<br>Department of Agricultural Extension (DAE)<br>Bangladesh Atomic Energy Commission (BAEC) |

| | | |
|---|---|---|
| ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ তোফাজ্জেল হোসেন বলেন, মৎস্য ও মৎস্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৩ (খসড়া)"-তে এ বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে এবং প্রাণিসম্পদের জন্য ইতোমধ্যে আইনে অন্তর্ভুক্ত আছে।<br><br>কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বলেন, প্ল্যান্ট কোয়ারেন্টাইন উইং-এর আওতায় অটোমেটেড রিস্ক ম্যানেজমেন্ট সিস্টেম চালু আছে। রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট গঠনের কাজ চলমান রয়েছে এবং এ ক্ষেত্রে জনবল নিয়োগ ও তাদের দক্ষতা বৃদ্ধির জন্য সহযোগিতা প্রয়োজন হবে। সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে ইউনিট গঠনের কাজ সম্পন্ন করা যেতে পারে। এ প্রেক্ষিতে সম্মানিত অতিথি বলেন, জনবল এবং দক্ষতা বৃদ্ধির জন্য সহযোগিতা প্রয়োজন হলে লিখিতভাবে জানানো যেতে পারে।<br><br>এফবিসিসিআই'র প্রশাসক বলেন, Risk Management চালু থাকতে হবে এবং পণ্যের তালিকা নির্দিষ্ট সময় অন্তর অন্তর হালনাগাদ করা যেতে পারে।<br><br>অর্থ বিভাগের প্রতিনিধি যুগ্মসচিব জনাব মোহাম্মদ জহিরুল কাইউম বলেন, Risk Profiling এর কাজটা মূলত কাস্টমসের এবং তাদের সুপারিশক্রমে পণ্যের বিভিন্ন পরীক্ষানিরীক্ষা করা হয়। এক্ষেত্রে প্রত্যেকটি প্রতিষ্ঠানের আলাদা আলাদা Risk Management System প্রয়োজন আছে কিনা তা বিবেচনা করা যেতে পারে। বিআরসিপি-১ প্রকল্পের ন্যাশলান ট্রেড এক্সপার্টও একই মতামত প্রদান করেন। এ প্রেক্ষিতে এফবিসিসিআই'র প্রশাসক বলেন, পণ্য খালাসের জন্য কাস্টমস ও অন্যান্য সংস্থার উপর নির্ভরশীল তাই স্ব-স্ব সংস্থার Risk Management System প্রয়োজন আছে।<br><br>NSW এর প্রকল্প পরিচালক বলেন, Risk Management System প্রয়োজন আছে তবে, ইউনিট করা বাধ্যতামূলক নয়।<br><br>বিএফটিআই-এর সিইও ও বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বলেন, স্ব-স্ব সংস্থা নিজস্ব ওয়ার্কপ্ল্যান ঠিক করে এনটিএফসি-কে অবহিত করতে পারে।<br><br>Risk Management System চালুর বিষয়ে সম্মানিত অতিথি বলেন, সময়সীমা ঠিক করে কাজ করতে হবে। | | ও<br>Bangladesh Food Safety Authority (FSAB)<br>এবং<br>সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/অধিদপ্তর |
| **(চ) Article 7.5 Post Clearance Audit** | | |
| চেয়ারম্যান, এনবিআর বলেন Post Clearance Audit এর গেজেট প্রকাশিত হয়েছে।<br><br>ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ডব্লিউটিও'কে Notify করেছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| (২) পণ্য Test এর বিষয়ে সার্টিফিকেট ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহ তাদের নিজেদের Post Clearance Audit System এর ব্যবস্থার বিষয়টি Risk Management-এর সাথে সম্পর্কিত হওয়ায় পৃথক আলোচনা প্রয়োজন নেই। | Risk Management এর কর্মপরিকল্পনা নিয়ে ০৭ কর্মদিবসের মধ্যে সভা আয়োজন করতে হবে এবং পরবর্তী এনটিএফসি ওয়ার্কিং গ্রুপের মিটিং-এ উপস্থাপন করে কর্মপরিকল্পনা খসড়া চূড়ান্ত করতে হবে। | BSTI, DoF, DAE, DLS, BAEC, BCSIR, BFSA<br>ও<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **(ছ) Article 7.7: Trade Facilitation Measures for Authorized Economic Operators (AEO)** | | |
| AEO সুবিধাপ্রাপ্ত ১৫ টি প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ প্রসঙ্গে চেয়ারম্যান, এনবিআর বলেন AEO সুবিধাপ্রাপ্ত ১৫ টি প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হয়েছে এবং সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়ে আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে কার্যক্রম উদ্বোধন করা হবে। এ প্রেক্ষিতে সভার সদস্য-সচিব বলেন, ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ডব্লিউটিও কে Notify করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| **(জ) Article 7.8 Expedited Shipments** | | |
| চেয়ারম্যান, এনবিআর সভাকে জানান, পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৪ ইতোমধ্যে প্রজ্ঞাপন প্রকাশিত হয়েছে। এ প্রেক্ষিতে সভার সদস্য-সচিব বলেন, ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ডব্লিউটিও কে Notify করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| **(ঝ) Article 7.8 Perishable Goods** | | |
| **Perishable Goods Management এবং আরেকটি ICD এর বিষয়ে Need Assessment:**<br><br>Chittagong Port Authority (CPA) এর চেয়ারম্যান বলেন, Perishable Goods Management এর লক্ষ্যে নতুন সুবিধা স্থাপনের জন্য Need Assessment প্রয়োজন। Reefer Containers-এর জন্য একটি Dedicated ICD স্থাপনের পরিকল্পনা নেওয়া যেতে পারে।<br><br>নৌপরিবহণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, বর্তমানে ১৭টি ICD রয়েছে, যা ২৫টিতে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। Perishable Goods Management এর বিষয়ে Need Assessment করার সুযোগ রয়েছে এবং এটি USDA ফান্ডের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>এনবিআর এর চেয়ারম্যান বলেন, Perishable Goods Management বিষয়ে বিস্তারিত স্টাডি করা প্রয়োজন। তবে দ্রুত পদক্ষেপ গ্রহনে একটি ICD কে Perishable Goods এর জন্য বিশেষায়িত (Dedicated) করা যেতে পারে। তিনি আরও জানান, বেসরকারি Off-dock ব্যবহারে আগ্রহ কম, কারণ ভাড়া অত্যন্ত বেশি। চট্রগ্রাম বন্দর ব্যবহারের ফি যৌক্তিকীকরণ (Rationalization) করা প্রয়োজন বলে তিনি মতামত দেন।<br><br>পায়রা বন্দরের চেয়ারম্যান বলেন, সকল বন্দরে Reefer Containers সংরক্ষণের ব্যবস্থা রয়েছে। Bulk Import-এর ক্ষেত্রে Cold Storage-এর প্রয়োজন হতে পারে। পায়রা বন্দর মূলত কয়লা এবং নির্মাণ সামগ্রী নিয়ে কাজ করছে।<br><br>সভাপতি বলেন, Cold Storage রেফার্ড কন্টেইনারের তুলনায় কম ব্যয়সাপেক্ষ এবং cost-efficiency বাড়ানোর জন্য গুরুত্ব সহকারে বিবেচনা করা সমীচিন। | CPA এর Need Assessment করতে হবে এবং BTF প্রকল্পের সঙ্গে পরবর্তী ৭ কর্মদিবসের মধ্যে এ বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | Chittagong Port Authority (CPA)<br><br>BTF প্রকল্প<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>ও<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| (২) Mongla Port Authority (MPA) কর্তৃক Cold Storage এর জায়গার অর্থ বরাদ্দের বিষয়ে MPA চেয়ারম্যান বলেন, মংলা বন্দরে Perishable Goods ব্যবস্থাপনার সুযোগ রয়েছে, Cold Storage-এর জন্য Terms of Reference (ToR) প্রস্তুত করা হয়েছে।<br><br>নৌপরিবহণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, Indian Line of Credit-এর আওতায় একটি প্রকল্প গৃহীত হলেও কার্যক্রম শুরু হয়নি। বর্তমানে কোনো Dedicated Container Terminal নেই, শুধুমাত্র | মংলা বন্দরে Cold Storage নির্মাণের Need Assessment করতে হবে। | MPA |

| | | |
|---|---|---|
| Bulk Import Management-এর সুযোগ রয়েছে। চীনের G2G সহায়তায় প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। Cold Storage-এর জন্য আলাদা প্রকল্প নেওয়া যেতে পারে অথবা এটি বিদ্যমান চীনা প্রকল্পে যুক্ত করা যেতে পারে।<br><br>সভাপতি মংলা বন্দরের অর্থনৈতিক কার্যক্রম বিবেচনায় নিয়ে সম্প্রসারণের প্রয়োজনীয়তা মূল্যায়নের উপর গুরত্বারোপ করেন। ক্রস-বর্ডার ট্রেডের জন্য মংলা বন্দরে কার্যকর ব্যবসার সুযোগ রয়েছে কিনা, তা মূল্যায়ন করা প্রয়োজন বলেও তিনি মন্তব্য করেন। | | |
| (৩) Cold Storage স্থাপনের বিষয়ে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, সোনামসজিদ স্থলবন্দর বেসরকারি BOT সিস্টেমের মাধ্যমে Cold Storage ব্যবস্থা রয়েছে। বেনাপোল এ ACCESS প্রকল্প এর মাধ্যমে Cold Storage স্থাপনের জন্য টেন্ডার লাইভ রয়েছে। মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন হতে কমপক্ষে ৪ মাস প্রয়োজন এবং ৩০ জুনের মধ্যে কার্যাদেশ প্রদান করা হবে। | Cold Storage স্থাপনের জন্য ৩০ জুন ২০২৫-এর মধ্যে কার্যাদেশ প্রদান করতে হবে। | BLPA |
| (৪) Awareness Program'র বিষয়ে Payra Port Authority (PPA)'র চেয়ারম্যান বলেন, প্রচারনামূলক কার্যক্রমের অংশ হিসেবে পায়রা বন্দর কর্তৃক বন্দর ব্যবহারকারীদের সাথে মতবিনিময় সভা, পত্র যোগাযোগ, টিভিসি প্রস্তুতকরণের কাজ অব্যাহত আছে।<br><br>সভাপতি নাব্যতা সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন এবং পায়রা পোর্টের ভবিষ্যৎ পুনঃমুল্যায়ন করা প্রয়োজন বলে মতামত দেন। | পায়রা বন্দরের নাব্যতা প্রযোজ্য পর্যায়ে আছে কী-না বা হবে কী-না তা পরীক্ষা করতে হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ |
| **(ঞ) Article 8 Border Agency Cooperation** | | |
| (১) Border Agency Cooperation এর বিষয়ে চেয়ারম্যান, এনবিআর সভাকে জানান, সরকারী আদেশ জারী করা হয়েছে। সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে প্রতিটা পোর্টে আলাদা আলাদা করে কমিটি গঠন করা হয়েছে। এ প্রেক্ষিতে সভার সদস্য-সচিব বলেন, ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ মিশন, জেনেভার মাধ্যমে ডব্লিউটিও কে Notify করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ বাণিজ্য মন্ত্রণালয় |
| BLPA বিআরসিপি-১ কর্তৃক সম্পাদিত স্টাডি ও বিশ্বব্যাংক সহ অন্যান্য প্রতিষ্ঠানের স্টাডির সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, ১৮ জুলাই ২০২৪ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কমিটি একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেছে, যা দাখিল করা হবে। | কমিটি গঠনের অফিস আদেশ ও প্রস্তুতকৃত প্রতিবেদন ফেব্রুয়ারি/২০২৫ মাসের মধ্যে ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করতে হবে। | BLPA |
| **(ট) Article 10.1.1 (a) Formalities and Documentation Requirements** | | |
| চেয়ারম্যান, এনবিআর সভাকে জানান, Periodically Documentation Requirements সম্পন্ন করা হয়েছে এবং তার আলোকে প্রয়োজনীয় Documents এর তালিকা উল্লেখ করে পণ্য ঘোষনা, শুল্কায়ন ও পুনঃশুল্কায়ন বিধিমালা ২০২৪ জারী করেছে। এ প্রেক্ষিতে সভার সদস্য সচিব বলেন, ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে ডব্লিউটিও কে Notify করার নিমিত্ত বাংলাদেশ মিশন, জেনেভাতে পত্র প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এ বিষয় আলোচনার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ বাণিজ্য মন্ত্রণালয় |
| **(ঠ) Article 10.4: Single Window** | | |
| চেয়ারম্যান, এনবিআর সভাকে জানান, প্রাথমিকভাবে আমদানি-রপ্তানির সঙ্গে যুক্ত ১৯টি সংস্থার মধ্যে ৭টি সংস্থা নিয়ে ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো কার্যক্রম আংশিকভাবে চালু করা হয়েছে। ১ মার্চ ২০২৫ থেকে বাকী ১২টি সংস্থা Onboard হবে।<br><br>নৌপরিবহণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, Maritime Single Window তৈরি করা হচ্ছে এবং তা এনবিআর-এর ন্যাশনাল সিঙ্গেল | ১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো পুরোপুরি চালু করতে হবে। | এনবিআর |

| | | |
|---|---|---|
| উইন্ডোর সাথে সংযোগ করা যেতে পারে। সভাপতি মহোদয় বলেন, Maritime Single Window এবং ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো স্বাধীন সিস্টেম হিসেবে কাজ করতে পারে। | | |
| **(ঙ) Article 11.5, 11.9, 11.16 Freedom of Transit** | | |
| বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগের অতিরিক্ত সচিব সভাকে জানান, Transit Policy প্রণয়নের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয় এবং সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট অংশীজনদের নিকট হতে মতামত চাওয়া হলে BTTC, MOFA, ২০/০২/২০২৪ তারিখ NBR থেকে মতামত পাওয়া গিয়েছে। প্রাপ্ত মতামতের ভিত্তিতে খসড়া Transit Policy প্রণয়ন প্রক্রিয়া চলমান রয়েছে।<br><br>সভাপতি মহোদয় বলেন, Transit Policy'র বিষয়ে অধিকতর আলোচনা প্রয়োজন। | Transit Policy'র বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এফটিএ অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| **(চ) NTFC'র আওতায় গঠিত Working Group** | | |
| (১) সভার সদস্য-সচিব বলেন, NTFC Working Group (WG) ১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখের সভায় সিদ্ধান্ত হয় সুনির্দিষ্ট এজেন্ডা থাকলে তা NTFC সভায় উপস্থাপন করা হবে। ৬টি WG এর সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী বাণিজ্য মন্ত্রণালয়ের WTO অনুবিভাগে পাঠানো হয়েছে। তবে, Intellectual Property Rights (IPR) এবং NSW WG এর কার্যবিবরণী পাওয়া যায়নি।<br><br>এ প্রেক্ষিতে এনবিআর এর চেয়ারম্যান সভাকে জানান, NSW WG আগের সভার কার্যবিবরণী পাঠাবে এবং নিয়মিত সভা করবে।<br><br>শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, IPR WG এর সভা ০৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হবে। | প্রতি ৩ মাস অন্তর সকল Working Group সভা করে সভার কার্যবিবরণী ডব্লিউটিও অনুবিভাগে প্রেরণ করবে এবং প্রতি ৪ মাস অন্তর NTFC সভা করতে হবে। | আহ্বায়ক/ সভাপতি সকল Working Group<br>ও<br>ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |
| (২) Women Entrepreneurs Networking Platform (WENP) প্রচারণা ও সম্প্রসারণ কার্যক্রম সম্পর্কে প্রকল্প পরিচালক, বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় সভাকে জানান, এখন পর্যন্ত ৩০,০০০ এরও বেশি নারী উদ্যোক্তা এই প্ল্যাটফর্মে যোগ দিয়েছেন এবং প্রায় ৩,০০০ উদ্যোক্তা দৈনিক ভিত্তিতে প্ল্যাটফর্মে সক্রিয় থাকেন।<br><br>প্রচারমূলক উদ্দেশ্যে প্রকল্প থেকে এসএমএস এবং ইমেইল মার্কেটিং কার্যক্রম পরিচালিত হয় এবং SEO মাধ্যমে প্ল্যাটফর্মটি'কে জনপ্রিয় করার কাজ চলমান রয়েছে।<br><br>এছাড়াও, WENP এ অধিকতর সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব ব্যাংকের প্রতিনিধি ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করা হবে। | বিশ্বব্যাংকের প্রতিনিধি ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে মার্চ/২০২৫ মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বিআরসিপি-১<br>বাণিজ্য মন্ত্রণালয় |

## ৪.৩ TFA Action Plan চূড়ান্তকরণ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| TFA Action Plan চূড়ান্তকরণ বিষয়ে সভার সদস্য-সচিব বলেন, ২৮টি সংস্থা/ মন্ত্রণালয়ের TFA Action Plan প্রণয়ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট সংস্থাগুলোর মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বন অধিদপ্তর, BSTI মতামত প্রদান করেছে। প্রাপ্ত মতামতের ভিত্তিতে Revised TFA Action Plan প্রস্তুতকরতঃ চূড়ান্ত করা প্রয়োজন।<br><br>সভাপতি বলেন, Revised TFA Action Plan এর ওপর কর্মশালা আয়োজন করে চূড়ান্ত করতে হবে। | Revised TFA Action Plan দ্রুত প্রণয়ন করতে হবে।<br><br>মার্চ/২০২৫ এর মধ্যে একটি কর্মশালা আয়োজন করে Revised TFA চূড়ান্ত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বিআরসিপি-১<br>বাণিজ্য মন্ত্রণালয় |

### ৪.৪ বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত স্টাডিসমুহের সুপারিশ বাস্তবায়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত স্টাডিসমুহের সুপারিশ বাস্তবায়নে বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত ০৯ টি স্টাডির উপর সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে ০৩টি Dissemination Workshop (৩০ মে ২০২৪, ১৩ জুন ২০২৪, এবং ২৭ জুন ২০২৪) করা হয়েছে। সম্পাদিত ০৯ টি স্টাডির সুপারিশ নিয়ে একটি প্রতিবেদন ২৮ জানুয়ারি ২০২৫ প্রকাশ করা হয়েছে এবং সংশ্লিষ্ট সংস্থা/ দপ্তরসমূহে ৩০ জানুয়ারি ২০২৫ প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন হওয়ায় এ বিষয় আর আলোচনার প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

### ৪.৫ আলোচ্য বিষয় -৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সি কর্তৃক প্রেরিত এজেন্ডা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **(১) এফটিএ অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত আলোচ্য বিষয়**<br><br>বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগ অতিরিক্ত সচিব সভাকে জানান, বাংলাদেশ Framework Agreement on Facilitation of Cross-border Paperless Trade (CPTA) চুক্তিতে স্বাক্ষর করেছে এবং চুক্তিটি ২০ ফেব্রুয়ারি ২০২১ তারিখে কার্যকর হয়েছে। তিনি বলেন, CPTA এর Article 6.3 অনুসারে, প্রতিটি দেশকে একটি National Committee গঠন করতে হবে। তবে, নতুন কমিটি গঠনের পরিবর্তে বিদ্যমান NTFC (National Trade Facilitation Committee) এর ToR সংশোধন করে এই দায়িত্ব প্রদান করার সুযোগ রয়েছে। পাশাপাশি, এনটিএফসি'র আওতায় CPTA চুক্তিটি বাস্তবায়ন সংক্রান্ত একটি উপকমিটি/ ওয়ার্কিং গ্রুপ প্রস্তাব করা যেতে পারে।<br><br>এ প্রসংগে উপস্থিত সদস্যগণ NTFC এর সদস্য সংখ্যা হ্রাস করে নতুন কমিটি পুনর্গঠনের বিষয়ে আলোচনা করেন এবং সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন। | (ক) এনটিএফসি'র Terms of Reference (ToR)-এ Framework Agreement on Facilitation of Cross-border Paperless Trade (CPTA) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>(খ) CPTA বাস্তবায়ন সংক্রান্ত একটি Working Group গঠন করতে হবে।<br><br>(গ) NTFC এর সদস্য সংখ্যা ৪৪ সদস্য হতে হ্রাস করে ছোট পরিসরে নিয়ে এসে নতুন আদেশ জারী করতে হবে। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>ও<br>এফটিএ অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

### ৪.৬ আলোচ্য বিষয় ৪: বিভিন্ন ওয়ার্কিং গ্রুপ কর্তৃক প্রেরিত এজেন্ডা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) সভার সদস্য-সচিব Bangladesh Trade Facilitation (BTF) প্রজেক্ট কর্তৃক প্রস্তাবিত Bangladesh Trade Facilitation Act এর খসড়া প্রণয়নের প্রেক্ষাপট সংক্ষেপে বর্ণনা করেন। বিআরসিপি-১ প্রকল্পের ন্যাশলান ট্রেড এক্সপার্ট সভাকে জানান, Bangladesh Trade Facilitation Agreement একটি আন্তর্জাতিক আইন এবং তা ক্যাবিনেট হতে অনুমোদনপূর্বক বাংলাদেশ অনুসমর্থন করে। তাই আলাদা আইন তৈরির প্রয়োজন নেই। এনবিআর- এর চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের চেয়ারম্যান, ও বাণিজ্য সচিব (রুটিন দায়িত্ব) একই মতামত রাখেন। | Bangladesh Trade Facilitation Act প্রণয়ন প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়। | ডব্লিউটিও অনুবিভাগ<br>বাণিজ্য মন্ত্রণালয় |

### ৪.৭ আলোচ্য বিষয় ৫: বিআরসিপি প্রকল্পের তিনটি অংগের (বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিআরসিপি-১ (জাতীয় রাজস্ব বোর্ড) এর ওপর প্রকল্প পরিচালক সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন। চেয়ারম্যান, এনবিআর বলেন ২৮ ফেব্রুয়ারি ২০২৫ এর পর শুধুমাত্র NSW এর মাধ্যমে সার্টিফিকেট গ্রহণযোগ্য হবে।<br><br>কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বলেন, কিছু প্রযুক্তিগত সমস্যা থাকার কারণে PQW এর সিস্টেম NSW'র সাথে ইন্টিগ্রেশন করাতে পারছে না। | সংশ্লিষ্ট সকল সংস্থাকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে NSW তে যুক্ত হতে হবে | ১২টি CLPIA সংস্থা |

| | | |
|---|---|---|
| এ প্রেক্ষিতে বাণিজ্য সচিব (রুটিন দায়িত্ব) বলেন, ইন্টিগ্রেশন সংক্রান্ত সমস্যা 'কেইস বাই কেইস ব্যাসিস' সমাধান করা যেতে পারে। | | |

**৪.৮ আলোচ্য বিষয়: বিবিধ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| Working Group সংশোধনের বিষয়ে সভার সদস্য-সচিব বলেন, Working Group সমূহে 'বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি'র পরিবর্তে, 'ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা' উল্লেখপূর্বক সকল অফিস আদেশ সংশোধন করা যেতে পারে।<br>সভাপতি বলেন, প্রয়োজনীয় ক্ষেত্রে Working Group সমূহ তাদের গ্রুপ পুনর্গঠনের উদ্যোগ গ্রহণ করবে। | প্রয়োজনীয় ক্ষেত্রে Working Group সমূহ তাদের গ্রুপ পুনঃগঠনের উদ্যোগ গ্রহণ করবে। | আহ্বায়ক/ সভাপতি Working Group (সকল) |

৫.০ এনটিএফসি ও এ সংশ্লিষ্ট সকল ওয়ার্কিং গ্রুপকে নিষ্ক্রিয় অবস্থা থেকে সক্রিয় করার জন্য এবং সভার সামগ্রিক আয়োজন সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সভাপতি এনটিএফসি'র সদস্য-সচিব ড. নাজনীন কাউসার চৌধুরীকে ধন্যবাদ জানান।

৬.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

শেখ বশিরউদ্দীন
উপদেষ্টা
বাণিজ্য মন্ত্রণালয়
ও
সভাপতি, এনটিএফসি

স্মারক নং- ২৬.০০.০০০০.১৩৫.১৪.১৫.২৪-২২

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪৩১
২০ ফেব্রুয়ারি ২০২৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য**

১। জনাব লুৎফে সিদ্দিকী, মাননীয় প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত (উপদেষ্টা পদমর্যাদা), প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৮। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১৩। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
২১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ১১১ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।
২৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ, ধানমন্ডি, ঢাকা।
২৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
২৭। অতিরিক্ত সচিব (রপ্তানি/ ডব্লিউটিও/ আইআইটি/ এফটিএ/ পরিকল্পনা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
২৯। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, এনএসসি টাওয়ার, পুরানা পল্টন, ঢাকা।
৩০। মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও বা/এ, ঢাকা।
৩১। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা।
৩২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৩। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট।
৩৪। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কাকরাইল, ঢাকা।
৩৫। চেয়ারম্যান,বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিও ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৩৬। মহাপরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), শিল্প মন্ত্রণালয় ভবন (ষষ্ঠ তলা), ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩৭। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩৮। প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা।
৩৯। সভাপতি, ডিসিসিআই, ডিসিসিআই বিল্ডিং, মতিঝিল বা/এ, ঢাকা।
৪০। প্রকল্প পরিচালক, বিআরসিপি-১ (NSW/ বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ/ বাণিজ্য মন্ত্রণালয় অংগ )।
৪১। ন্যাশনাল ট্রেড এক্সপার্ট, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১, বাণিজ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪২। উপসচিব (ডব্লিউটিও-৫/পরিকল্পনা-১), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪৬। অফিস কপি।

20/02/2026

ড. নাজনীন কাউসার চৌধুরী
অতিরিক্ত সচিব (ডব্লিউটিও)
বাণিজ্য মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, এনটিএফসি
ফোন: +৮৮ ০২ ৫৫১০০৩৮৬
ই-মেইল: dg.wto@mincom.gov.bd